

অর্ধ-বার্ষিক পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন - ১

শ্রেণি: একাদশ

বিষয়: হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড: ২৫৩

সময়: ৪৫ মিনিট

পূর্ণমান: ২০

- ১। জনী ট্রেডার্সের ৩১ জানুয়ারী, ২০১৭ সালের হিসাব উদ্বৃত্তগুলো নিম্নরূপঃ  
নগদ ১,০০,০০ টাকা, অফিস সরঞ্জাম ৫০,০০০ টাকা, ভূমি ও দালানকোঠা ৪,০০,০০০ টাকা, দেনাদার ৪৫,০০০ টাকা ও পাওনাদার ২৫,০০০ টাকা, ফেব্রুয়ারি মাসের তার ব্যবসায় সম্পাদিত লেনদেনগুলোর নিম্নরূপঃ
- ফেব্রুঃ ৫ নগদ ৩০,০০০ টাকা ও ধারে ৯০,০০০ টাকার পন্য ক্রয়।  
" ১০ তিন মাসের শোরুম ভাড়া অগ্রিম প্রদান ১৫,০০০ টাকা।  
" ১৬ ৩% কারবারী বাটার পন্য বিক্রয় ১,২০,০০০ টাকা (নগদ ৬০% ও ধারে ৪০%)  
" ১৮ মালিক কর্তৃক নগদ উত্তোলন ৩০,০০০ টাকা।  
" ২৫ দেনাদারের নিকট থেকে ৩৫,০০০ টাকা পাওয়া গেল।
- (ক) প্রারম্ভিক জাবেদা দাখিলা দাও। ২  
(খ) হিসাব সমীকরণে লেনদেনের প্রভাব টেবিলের মাধ্যমে উপস্থাপন কর। ৪  
(গ) সমাপ্ত বছরের জন্য আয় বিবরণী তৈরি কর। ৪
- ২। জনাব আফর ২০১৭ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৫০,০০০ টাকা ও ব্যাংক জমা ২০,০০০ টাকা নিয়ে এবং রিয়াদের নিকট হতে ২০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসা আরম্ভ করলেন। উক্ত মাসে তার ব্যবসায় সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ ছিল—
- জানু.— ০৫ নগদে ৫,০০০ টাকার পণ্য ক্রয় করা হল।  
" ০৭ হোসেন ব্রাদার্সের নিকট মাল বিক্রয় নগদে ৭,০০০ টাকা।  
" ১১ আন্তঃফেরত ১,২০০ টাকা।  
" ১৩ বিজ্ঞাপন বাবদ পিকাসো অ্যাডকে অগ্রিম প্রদান ৪,০০০ টাকা।  
" ১৫ ১০% সরকারি বন্ড ক্রয় করা হলো ১০,০০০ টাকা।  
" ২৭ ৩,৫০০ টাকা পাওনা নিষ্পত্তির ৩,৩০০ টাকার একটি চেক পেয়ে ব্যাংকে জমা দেওয়া হলো।
- (ক) নিট ক্রয় ও নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২  
(খ) জানু. ১,১৩,১৫ ও ২৭ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪  
(গ) উপরোক্ত লেনদেন থেকে নগদান হিসাব, মূলধন হিসাব, ক্রয় হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪